

ইউরোপীয় ইউনিয়ন (European Union or EU)

ইউরোপ মহাদেশের অধিকাংশ দেশের একটি অর্থনৈতিক ও রাজনৈতিক জোট। পারস্পরিক স্বার্থে শুল্ক ও কর হ্রাসের মাধ্যমে দেশসমূহের পণ্যের সুলভ ও সাধারণ বাজার প্রতিষ্ঠার লক্ষ্যে ই ইউ প্রতিষ্ঠিত হয়।

সংক্ষিপ্ত ইতিহাসঃ

১৯৫১ সালে ইউরোপীয় কয়লা ও ইস্পাত সম্প্রদায় (European Coal and Steel Community) গঠিত হয় যা ইউরোপীয় ফেডারেশনের প্রথম পদক্ষেপ হিসেবে বিবেচিত হয়। এই সমিতির লক্ষ্য ছিল ভারী শিল্প কারখানাগুলো পুরো ইউরোপময় ছড়িয়ে দিয়ে নিজেদের মাঝে যুদ্ধ কলহ বন্ধ করা ও পরস্পর ভাতৃত্ববোধ বাড়ানো। ১৯৫৭ সালের ২৫শে মার্চ বেলজিয়াম, ফ্রান্স, জার্মানি, ইটালি, লুক্সেমবার্গ এবং নেদারল্যান্ডসের মধ্যে স্বাক্ষরিত চুক্তিটি রোম চুক্তি নামে পরিচিত। এদের সমন্বয়ে ইউরোপীয় অর্থনৈতিক সম্প্রদায় (European Economic Community) গঠিত হয়। একই দিনে অন্য আরেকটি চুক্তি স্বাক্ষরিত হয় যার হলে ইউরোপীয় দেশগুলো আণবিক শক্তির উন্নয়নের জন্য ইউরোপীয় আণবিক শক্তি সম্প্রদায় (European Atomic Energy Community (Euratom) গঠন করে। দুটি চুক্তিই ১৯৫৮ সালের ১ জানুয়ারি কার্যকর হয়। ১৯৬৭ সালে মার্জার চুক্তি (Merger Treaty) নামে একটি চুক্তি স্বাক্ষরিত হয়। চুক্তি অনুসারে একই দিক নির্দেশনা নির্ধারণ করা হয় যাদের একসাথে 'ইউরোপীয় সম্প্রদায়' (European Community) নামে অভিহিত করা হতো। ১৯৫৮ সালের ১ জানুয়ারি EC প্রতিষ্ঠার মাধ্যমে এই চুক্তি কার্যকর হয়।

ইউরোঃ

১৯৯২ সালের ৭ ফেব্রুয়ারি নেদারল্যান্ডসের ম্যাসট্রিখ্ট শহরে ঐতিহাসিক ম্যাসট্রিখ্ট চুক্তি স্বাক্ষরের মাধ্যমে ইউরোপিয়ান ইউনিয়ন প্রতিষ্ঠিত হয়। ১৯৯৩ সালের ১ নভেম্বর থেকে কার্যকর হয়। ম্যাসট্রিখ্ট চুক্তির মাধ্যমে একক মুদ্রা ইউরোর আবির্ভাব ঘটে।

- ইউরো চালু হয় ১ জানুয়ারি ১৯৯৯।
- ইউরো মুদ্রা ব্যবহারকারী দেশ ১৯ টি, ১৯তম দেশ হিসেবে লিথুয়ানিয়া ইউরো ব্যবহার করছে।
- ইউরোর রয়েছে ৮টি নোট ও ৭টি কয়েন।
- ইউরোর কেন্দ্রীয় ব্যাংকের সদর দফতর জার্মানির ফ্রাঙ্কফুটে।
- ইউরোপের বাইরে সর্বপ্রথম ইউরোর লেনদেন হয় ভারতে(৪ জানুয়ারি, ১৯৯৯)।
- ইউরোর জনক রবার্ট মুন্ডেল (কানাডা)
- ইইউ এর বাইরে কসোভো ইউরোকে তাদের নিজস্ব মুদ্রা হিসেবে গ্রহণ করেছে।



১৯৮৫ সালে শেনজেন চুক্তির (Schengen Agreement) মাধ্যমে সদস্য ও ইউরোপের অন্য কয়েকটি রাষ্ট্রের মধ্যে পাসপোর্টবিহীন সীমান্ত ধারণার উপায় তৈরি হয়। ১৯৮৬ সালে ইউরোপীয় পতাকা ব্যবহার শুরু হয় এবং একক ইউরোপীয় আইন স্বাক্ষরিত (Single European Act) হয়।

শেনজেন বর্ডার ভুক্ত দেশঃ ২২ টি ।

সর্বশেষ যোগদানকারী সদস্য: ক্রোয়েশিয়া -২০১৩ সাল ।

ইইউ এর এসোসিয়েট সদস্য দেশ তুরস্ক ।

ইইউ এর অঙ্গসংগঠন ৮ টি। যার মধ্যে অন্যতম ইউরোপিয়ান পার্লামেন্ট।

এর সদর দপ্তর স্ট্রাসবার্গ, ফ্রান্স। সদস্য সংখ্যা বর্তমানে ৭৫১ ।

১৯৯০ সালের ৩ অক্টোবর প্রাক্তন পূর্ব জার্মানি বিশেষ আইনের মাধ্যমে পশ্চিম জার্মানির অন্তর্ভুক্ত হয়ে যাওয়ায় পূর্ব জার্মানি স্বয়ংক্রিয়ভাবেই ইইউ-এর সদস্যপদ লাভ করে।

১৯৮৫ সালে একটি গৃহীত স্বরাষ্ট্র আইনের মাধ্যমে গ্রিনল্যান্ড ইইউ ত্যাগ করে। এর আগে এটি ডেনমার্কের অন্তর্ভুক্ত ছিল। ২০১৬ সালের ২৪ জুন ব্রিটেন ৪৭ বছরের সদস্য পদ গণভোট এর মাধ্যমে বাতিল করে।



ইউরোপীয় ইউনিয়নের পতাকা (ছবিঃ উইকিপিডিয়া)

ইউরোপীয় ইউনিয়নের অঙ্গসংগঠন ৮টি। এগুলো হল-

১. **ইউরোপীয় পার্লামেন্টঃ** ইউরোপীয় পার্লামেন্টের বর্তমান সদস্য সংখ্যা ৭০৫। ফ্রান্সের স্টার্সবার্গে এটি অবস্থিত।
২. **কাউন্সিল অফ ইউরোপঃ** এটির সদরদপ্তর বেলজিয়ামের ব্রাসেলসে অবস্থিত।
৩. **ইউরোপীয় কমিশনঃ** এর সদর দপ্তর ব্রাসেলস ও লুক্সেমবার্গে।
৪. **দা কোর্ট অফ জাস্টিস অফ ইউরোপিয়ান কমিউনিটিঃ** এর সদরদপ্তর লুক্সেমবার্গে অবস্থিত।
৫. **ইউরোপিয়ান ইনভেস্টমেন্টমেন্ট ব্যাংকঃ** সদস্যসমূহদের নিয়ে শিল্প সংকট উত্তরণ, অনুন্নত অঞ্চলের উন্নয়নের ভারসাম্য রক্ষা করা ইত্যাদি এ ব্যাংকের কাজ।
৬. **ইকোনমিক অ্যান্ড সোশ্যাল কমিটিঃ** এই কমিটির প্রতিনিধির সংখ্যা ৩৫০ জন।
৭. **কমিটি অব রিজনসঃ** এই কমিটির প্রতিনিধি মোট ৩৫০ জন।
৮. **ইউরোপিয়ান কোর্ট অব এডিটরসঃ** এর সদরদপ্তর লুক্সেমবার্গে অবস্থিত।

ব্রেক্সিট (BREXIT)

১৯৭৩ সালে ব্রিটেন ইইউ তে যোগদান করেছিল। ২০১৬ সালের এক গণভোটে ব্রিটেন ইইউ থেকে বের যাবার ব্যাপারে সিদ্ধান্ত নেয়, এবং সেই সিদ্ধান্ত মোতাবেক ৩১ জানুয়ারি, ২০২০ ব্রিটেন ইইউ থেকে আনুষ্ঠানিক ভাবে বেরিয়ে যায়। ফলে তাদের ৪৭ বছরের ইইউ এর সাথে সম্পৃক্ততার অবসান ঘটে। ব্রিটেনের এক্সিটকে **ব্রেক্সিট** বলা হয়।

এক নজরে ইউরোপীয় ইউনিয়ন

- প্রতিষ্ঠাঃ ১ নভেম্বর, ১৯৯৩
- সদস্য সংখ্যাঃ ২৭
- সদর দফতরঃ ব্রাসেলস, বেলজিয়াম।
- ইউরো মুদ্রা ব্যবহারকারী দেশ ১৯ টি। ১৯তম দেশ হিসেবে লিথুয়ানিয়া ইউরো ব্যবহার করছে।
- ইউরোর রয়েছে ৮টি নোট ও ৭টি কয়েন।
- ইউরোর কেন্দ্রীয় ব্যাংকের সদর দফতর জার্মানির ফ্রাঙ্কফুটে।

- ইউরোপের বাইরে সর্বপ্রথম ইউরোর লেনদেন হয় ভারতে।
- ইউরোর জনক রবার্ট মুন্ডেল (কানাডা)। চালু হয় ১ জানুয়ারি, ১৯৯৯ সালে।
- ইইউ এর বাইরে কসোভো ইউরোকে তাদের নিজস্ব মুদ্রা হিসেবে গ্রহণ করেছে।
- সেঞ্জন বর্ডার ভুক্ত দেশঃ ২২ টি
- সর্বশেষ যোগদানকারী সদস্য: ক্রোয়েশিয়া -২০১৩
- ই ইউ এর এসোসিয়েট সদস্য দেশ: তুরস্ক
- ই ইউ এর অঙ্গসংগঠন ৮ টি। যার মধ্যে অন্যতম ইউরোপিয়ান পার্লামেন্ট। এর সদর দপ্তর স্ট্রাসবার্গ, ফ্রান্স। সদস্য সংখ্যা বর্তমানে ৭৬৬।

নোবেল পুরস্কারপ্রাপ্তিঃ

ইউরোপে শান্তি ও স্থিতিশীলতা এবং গণতন্ত্র ও মানবাধিকার সমুন্নত রাখায় ইউরোপীয় ইউনিয়ন ২০১২ সালে নোবেল শান্তি পুরস্কার লাভ করে।